
NHS
Test and Trace

পরীক্ষাটি শুরু করার আগে এই পুরো নির্দেশিকা যত্নসহকারে পড়ুন।
এই পরীক্ষাটি আপনি আগে যেগুলি ব্যবহার করেছেন তার থেকে আলাদা হতে পারে।

# SureScreen SARS-CoV-2 অ্যান্টিজেন রেপিড টেস্ট ক্যাসেট (ন্যাসাল সোয়াব) (গোল্ড) এর জন্য আপনার ধাপে ধাপে নির্দেশিকা




এই নির্দেশাবলী SureScreen Diagnostics SARS-CoV-2 অ্যান্টিজেন রেপিড টেস্ট ক্যাসেট (ন্যাসাল সোয়াব) (গোল্ড), পণ্যের কোড: COVID19AGVCGS7 এর জন্য।

নির্দেশিকাটি ব্যাখ্যা করে যে COVID-19 এর জন্য নিজেকে, আপনার শিশুকে বা অন্য কোনো ব্যক্তিকে কীভাবে পরীক্ষা করতে হয় এবং আপনার ফলাফল কীভাবে রিপোর্ট করতে হয়।

বিকল্প ভাষার সংস্করণ ও ভিডিওর মাধ্যমে প্রদর্শনী gov.uk/covid19-self-test-help এ পাওয়া যাবে।

**আপনার সমস্ত পরীক্ষার ফল NHS এর কাছে রিপোর্ট করুন**

# আপনাকে যা করতে হবে

## আপনার ধাপভিত্তিক নির্দেশিকা

নির্দেশাবলী পড়ুন এবং ধাপগুলি সঠিক ক্রমে অনুসরণ করুন। প্রতিটি পরীক্ষা সেট আপ করতে প্রায় 15 মিনিট সময় নেয় এবং ফলাফল 10 মিনিটে প্রস্তুত হয়ে যাবে।





| | | |
|---|---|---|
| **1** | আপনার পরীক্ষা করার জায়গা প্রস্তুত করুন আর আপনার টেস্ট কিটের জিনিসপত্র যাচাই করুন | পৃষ্ঠা 6 |
| **2** | আপনার পরীক্ষা সেট আপ করুন | পৃষ্ঠা 8 |
| **3** | আপনার সোয়াব নমুনা নিন | পৃষ্ঠা 10 |
| **4** | সোয়াব নমুনা প্রক্রিয়া করুন | পৃষ্ঠা 12 |
| **5** | আপনার ফলাফল পড়ুন | পৃষ্ঠা 14 |
| **6** | আপনার ফলাফল রিপোর্ট করুন | পৃষ্ঠা 15 |
| **7** | আপনার ফলাফলের মানে কী | পৃষ্ঠা 16 |
| **8** | পরীক্ষার পারফরমেন্স | পৃষ্ঠা 17 |
| **9** | আপনার পরীক্ষাটি নিরাপদে বাতিল করুন | পৃষ্ঠা 17 |


**COVID-19 আছে এমন মানুষদের প্রায় 3 জনের মধ্যে 1 জন জানেন না যে তাদের এটা আছে।**

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র SureScreen SARS-CoV-2 অ্যান্টিজেন রেপিড টেস্ট ক্যাসেট (ন্যাসাল সোয়াব) (গোল্ড)

# পরীক্ষাটি করা সম্বন্ধে পরামর্শ

## সংরক্ষণ ও নাড়াচাড়ার বিষয়ে নির্দেশনা

- ঘরের তাপমাত্রায় (2-30°C) মজুত করুন। হিমায়িত করবেন না।
- কিটটি ঘরের তাপমাত্রায় (15°C থেকে 30°C) ব্যবহার করা উচিত। কিটটি যদি একটি শীতল জায়গায় (15°C এর কম) মজুত করা হয়ে থাকে, তাহলে এটি ব্যবহার করার আগে 20 মিনিটের জন্য এটিকে স্বাভাবিক ঘরের তাপমাত্রায় রেখে দিন।
- প্রত্যেক ব্যক্তির জন্য পৃথক টেস্ট কিট ব্যবহার করুন। আপনি টেস্ট কিটের প্রতিটি আইটেম কেবল একবারই ব্যবহার করতে পারেন। আইটেমগুলি পুনরায় ব্যবহার করবেন না। আপনাকে প্রত্যেক ব্যক্তির ফলাফল রিপোর্ট করতে হবে।
- আপনার হাত বা দৃষ্টির সমস্যা থাকলে, সোয়াব নেওয়া ও পরীক্ষা প্রক্রিয়ার জন্য আপনাকে কারোর সহায়তা প্রয়োজন হতে পারে।
- আপনার নাক বেঁধানো থাকলে, পরীক্ষাটি করার আগে নাকের অলঙ্কারটি খুলে নিন।
- রক্তাক্ত নমুনা ব্যবহার করা এড়ান। আপনার যদি গত 24 ঘন্টার ভিতরে নাক থেকে রক্ত পড়ে থাকে, তাহলে আপনার পরীক্ষাটি করার আগে 24 ঘন্টা অপেক্ষা করা উচিত।
- সোয়াবটি নাড়াচাড়া করার সময়ে সোয়াবের মাথাটি স্পর্শ করবেন না।
- পরীক্ষার কিট এবং যেখানে নমুনা যোগ করা হয় সেই ফলাফলের উইন্ডোর জায়গাটি স্পর্শ করা এড়ান।

## সতর্কীকরণ

- মেয়াদ অতিক্রমের তারিখের পরে ব্যবহার করবেন না। অনুগ্রহ করে বাক্সে দেওয়া মেয়াদ অতিক্রমের তারিখ অনুসরণ করুন।
- ব্যবহারের জন্য প্রস্তুত না হওয়া পর্যন্ত ক্যাসেটটি সীল করা পাউচের মধ্যে থাকা উচিত।
- এই পরীক্ষার কিটগুলি শুধুমাত্র মানুষের ব্যবহারের জন্য পরিকল্পিত।
- পরীক্ষার 15 মিনিট পূর্বে কোনও নাকের স্প্রে ব্যবহার করবেন না।
- পণ্যটি প্রাকৃতিক রাবার ল্যাটেক্স দিয়ে তৈরি করা হয়নি, তবে অন্তিম ব্যবহারকারীকে যেভাবে সরবরাহ করা হয় তাতে পণ্যটির মধ্যে প্রাকৃতিক রাবার ল্যাটেক্স-এর উপস্থিতি বা যৎসামান্য পরিমাণ থাকার সম্ভাবনা সম্পূর্ণ বাদ দেওয়া যায় না।

**এই নির্দেশাবলী সতর্কভাবে অনুসরণ করবেন, এই পরীক্ষাটি আপনি আগে যেগুলি ব্যবহার করেছেন তার থেকে আলাদা হতে পারে।**

পণ্যের কোড: COVID19AGVCGS7 এর প্রতি নির্দেশ করে

# এই পরীক্ষা বিষয়ে

## আপনার কেন নিজে পরীক্ষা করা উচিত

এই COVID-19 স্বয়ং-পরীক্ষার কিটটি হল নাকের জন্য একটি সোয়াব পরীক্ষা। যে সমস্ত মানুষের কোনো উপসর্গ নেই তাদের জন্য এটি ব্যবহার করা যেতে পারে, তবে আপনার জন্য কোন ধরনের পরীক্ষা সঠিক তা যাচাই করার জন্য আপনার জাতীয় নির্দেশনাগুলি অনুসরণ করা উচিত।

### আপনার COVID-19 পরীক্ষার ফল পজিটিভ হলে আপনার যা করা উচিত:

- রোগটির বিস্তারকে সীমিত করতে সাহায্য করার জন্য, আপনাকে এবং আপনার পরিবারকে বর্তমান সরকারি নির্দেশিকা মেনে চলতে হবে: **nhs.uk/conditions/coronavirus-covid-19/self-isolation-and-treatment/**
- আপনার উপসর্গ শুরু হওয়ার আগে গত 48 ঘন্টায় অথবা যদি কোনও উপসর্গ না থাকে তাহলে যেদিন আপনি একটি পজিটিভ পরীক্ষার ফল পেয়েছেন সেই দিন থেকে আপনি যাদের ঘনিষ্ঠ সংস্পর্শে এসেছিলেন এবং যে সকল জায়গায় গেছেন, তাদের জানান যাতে সম্ভাব্য COVID-19 সংক্রমণের পরীক্ষা করা যায়। সব সময় স্থানীয় এবং জাতীয় নির্দেশনাগুলি মেনে চলুন।

### আপনার COVID-19 পরীক্ষার ফল নেগেটিভ হলে

এটা সম্ভব যে পরীক্ষা করানোর সময় আপনি সংক্রামক ছিলেন না। কিন্তু, পরীক্ষার নেগেটিভ ফলাফল কোনো নিশ্চয়তা দেয় না যে আপনার করোনাভাইরাস নেই। আপনার সরকারি নির্দেশনা অনুসরণ করা চালিয়ে যাওয়া উচিত।

### পরামর্শ

**আপনি উদ্বিগ্ন হলে, সাহায্য নিতে দেরি করবেন না। আপনার সহজাত বুদ্ধি-বিবেচনার উপর ভরসা রাখুন।**

আপনার যদি COVID-19 এর উপসর্গ থাকে বা আপনি COVID-19 এ সংক্রামিত হন, তাহলে অনুগ্রহ করে NHS নির্দেশনা অনুসরণ করুন: **nhs.uk/conditions/coronavirus-covid-19/**


যদি আপনার COVID-19 এর উপসর্গ থাকে এবং আপনার অবস্থার অবনতি হয় অথবা আপনি সাত দিন পরেও ভাল না হন, তাহলে NHS 111 অনলাইন করোনাভাইরাস পরিষেবা **111.nhs.uk** ব্যবহার করুন

আপনার যদি ইন্টারনেট অ্যাক্সেস না থাকে, তাহলে **NHS 111** নম্বরে কল করুন।


চিকিৎসাগত জরুরি অবস্থায় **999** ডায়াল করুন।

শিশুদের COVID-19-এর উপসর্গ সম্বন্ধে আরো পরামর্শ পেতে পারেন এখানে: **nhs.uk/conditions/coronavirus-COVID-19/symptoms/coronavirus-in-children/**

# এই পরীক্ষা কাদের জন্য উপযোগী







### 18 বছরের বেশি বয়সের প্রাপ্তবয়স্ক

নিজে পরীক্ষা করে রিপোর্ট করুন, প্রয়োজনে অন্যের সহায়তা নিন।

### 12-17 বছর বয়সী কিশোর-কিশোরী

নিজে পরীক্ষা করুন এবং প্রাপ্তবয়স্ক ব্যক্তির তত্ত্বাবধানে রিপোর্ট করুন। প্রয়োজন হলে প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে পরীক্ষাটি করতে হতে পারে।

### 12 বছরের কম বয়সী শিশু

12 বছরের কম বয়সী শিশুদের পরীক্ষাটি কোনো প্রাপ্তবয়স্কের করা উচিত। আপনি যদি একটি শিশুকে পরীক্ষা করার ব্যাপারে অস্বচ্ছন্দ অনুভব করেন, তাহলে এই পরীক্ষাটি করবেন না। শিশুটি যদি কোনো উল্লেখযোগ্য অস্বস্তি বা ব্যথা অনুভব করে, তাহলে পরীক্ষাটি চালিয়ে যাবেন না।

## কত ঘন ঘন পরীক্ষা করতে হয়

আপনার কত ঘন ঘন পরীক্ষা করা উচিত তা আপনার পরিস্থিতি এবং বর্তমান জাতীয় বা স্থানীয় নির্দেশিকা অনুযায়ী ভিন্ন হতে পারে।

## আরো সহায়তা কোথায় পাওয়া যাবে

নিজে পরীক্ষার আরো তথ্য পাওয়া যাবে এখানে: gov.uk/covid19-self-test-help

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র SARS-CoV-2 অ্যান্টিজেন রেপিড টেস্ট ক্যাসেট (ন্যাসাল সোয়াব) (গোল্ড), পণ্যের কোড: COVID19AGVCGS7 এর প্রতি নির্দেশ করে।

# 1. আপনার পরীক্ষা করার জায়গাটি প্রস্তুত করুন

**গুরুত্বপূর্ণ**

কিটটি ঘরের তাপমাত্রায় (15°C থেকে 30°C) ব্যবহার করা উচিৎ। কিটটি যদি ঠাণ্ডা জায়গায় (15°C এর কম) মজুত করা হয়ে থাকে, তাহলে ব্যবহার করার আগে স্বাভাবিক ঘরের তাপমাত্রায় 20 মিনিট রেখে দেবেন।





পরীক্ষার 15 মিনিট পূর্বে কোনও নাকের স্প্রে ব্যবহার করবেন না



**15 মিনিট**


আপনার প্রয়োজন হবে: একটি টাইমার (যেমন হাতঘড়ি বা দেয়ালঘড়ি), টিস্যু, হ্যান্ড স্যানিটাইজার বা সাবান এবং উষ্ণ পানি।



1. যত্নসহকারে এই নির্দেশিকা পড়ুন।




2. পরীক্ষা শুরু করার ঠিক আগে একটি সমতল জায়গা খালি করে, পরিষ্কার-পরিচ্ছন্ন করে শুকিয়ে ফেলুন।





3. সাবান ও গরম পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে আপনার হাত দু'টি 20 সেকেন্ড ধরে ভালোভাবে ধুয়ে ফেলুন।

# আপনার কিটের জিনিসপত্র যাচাই করুন

**4** আপনার পরীক্ষার বক্সে যা যা থাকা উচিত:




টিউব হোল্ডার সহ বাইরের বক্স





সীল করা পাউচে টেস্ট ক্যাসেট




তরলের স্যাশে (এক্সট্র্যাকশন বাফারের শিশি)




এক্সট্র্যাকশন টিউব



ব্যবহারের নির্দেশাবলী (এই পুস্তিকা)



প্লাস্টিকের আবর্জনার ব্যাগ



সোয়াব

## পরামর্শ

**কোনো কিছু ক্ষতিগ্রস্ত, ভাঙা বা অনুপস্থিত থাকলে কী করতে হবে**


আপনি যদি লক্ষ্য করেন যে কোনো কিছু ক্ষতিগ্রস্ত, ভাঙা বা অনুপস্থিত আছে, তাহলে অনুগ্রহ করে পরীক্ষার কিটটি ব্যবহার করবেন না। আপনি গ্রাহক যোগাযোগ কেন্দ্রে ফোন করে মতামত দিতে পারেন। লাইনগুলি সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা আছে।

ফোন করুন: **119** নম্বরে (মোবাইল ও ল্যান্ডলাইন থেকে বিনামূল্য)।
আমরা 200 টি ভাষায় ছাড়াও ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজে সহায়তা প্রদান করি।

আপনি কোনো ডিভাইসের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে এখানে রিপোর্ট করুন:
**coronavirus-yellowcard.mhra.gov.uk**

পণ্যের কোড: COVID19AGVCGS7 এর প্রতি নির্দেশ করে


# 2. আপনার পরীক্ষার সেট আপ করুন




**5** সীল করা পাউচ থেকে টেস্ট ক্যাসেটটি বার করে পরিষ্কার সমতল পৃষ্ঠতলের উপর রাখুন।

**সতর্কীকরণ**

একবার খোলা হয়ে গেলে, 1 ঘণ্টার মধ্যে ব্যবহার করুন, নাহলে পরীক্ষাটি অকার্যকর হয়ে যাবে। 1 ঘণ্টার বেশি সময়ের জন্য সীল করা পাউচের বাইরে রাখা ছিল এমন পাউচের উপাদান এবং ক্যাসেটটি বর্জন করুন।



**6** এক্সট্র্যাকশন টিউবটি এক্সট্র্যাকশন টিউব হোল্ডারের মধ্যে রাখুন (বাক্সের ঢাকনায় ছিদ্রযুক্ত গোলাকার এলাকা) যাতে তরল চলকে পড়া এড়ানো যায়।




**7** তরলের স্যাশেটি সাবধানে মোচড় দিয়ে ভেঙে খুলুন। এটা আপনার মুখ থেকে দূরে রেখে খুলুন এবং সাবধান থাকুন যেন কোনো তরল চলকে না পড়ে।

**সতর্কীকরণ**

এক্সট্র্যাকশন বাফারে এমন উপাদান আছে যা মুখ বা ত্বকের সংস্পর্শে এলে জ্বালা সৃষ্টি করতে পারে। যদি দ্রবণটি ত্বক বা চোখের সাথে স্পর্শ হয়ে যায়, তাহলে প্রচুর পানি দিয়ে ধুয়ে নিন। ত্বকে জ্বালা হলে অনুগ্রহ করে চিকিৎসা নিন।




**8** এক্সট্র্যাকশন টিউবটি খুলুন এবং আলতোভাবে টিপে স্যাশে থেকে পুরো তরল পদার্থ টিউবের মধ্যে বের করুন।

যত্ন নিন এবং খালি তরলের স্যাশেটি প্রদান করা প্লাস্টিকের আবর্জনার ব্যাগে রাখুন।




**9** একটি টিস্যুর মধ্যে আলতো করে আপনার নাক ঝাড়ুন আর তারপর টিস্যুটি কোনো ঢাকনা-বন্ধ বিনে ফেলে দিন।

আপনি যদি কাউকে সাহায্য করেন বা কোনো শিশুর পরীক্ষা করেন, তাহলে তাকে নাক ঝাড়তে সাহায্য করুন এবং টিস্যুটি একটি বন্ধ বিনে ফেলে দিন।




**10** সাবান ও গরম পানি বা স্যানিটাইজার ব্যবহার করে, 20 সেকেন্ড ধরে আপনার হাত ভালভাবে ধুয়ে নিন।

আপনি যদি কাউকে সাহায্য করেন বা কোনো শিশুর পরীক্ষা করেন, তাহলে তাকে তার হাত ধুতে সাহায্য করুন।




**11** আপনার সামনে সীল করা মোড়কে সোয়্যাবটি খুঁজে নিন। নরম, কাপড়ের ডগাটি সনাক্ত করুন।

**গুরুত্বপূর্ণ**

সোয়াবের নরম, কাপড়ের ডগাটি স্পর্শ করবেন না। সোয়াবের কাপড়ের ডগাটি স্পর্শ করা হলে, সোয়াবটি বাতিল করুন।




**12** আপনি যখন এটা ব্যবহার করতে প্রস্তুত থাকবেন, শুধু তখনই সোয়াব প্যাকেজিংটি অন্য প্রান্ত থেকে আলতোভাবে টেনে খুলুন।


পণ্যের কোড: COVID19AGVCGS7 এর প্রতি নির্দেশ করে

# 3. আপনার সোয়্যাবের নমুনা নিন


**আপনি যদি অন্য কাউকে পরীক্ষা করেন, তাহলে অনুগ্রহ করে 11 পাতায় নির্দেশাবলী দেখুন।**

**গুরুত্বপূর্ণ**

পরীক্ষাটি শুধুমাত্র একটি নাকের নমুনা ব্যবহার করেই করা উচিত।





**13** একটি নাসারন্ধ্রের সামান্য ভিতরে সোয়াবের কাপড়ের ডগাটি প্রবেশ করান (আপনার নাকের প্রায় 1.5 সেমি ভিতরে)।




**14** সোয়্যাবটি কমপক্ষে **5 সেকেন্ড** ধরে আপনার নাসারন্ধ্রের ভিতরে চারপাশে বৃত্তাকারে **5 বার** আলতোভাবে মুছুন।

এটি ধীরে ধীরে বের করে নিন। কোনো বল প্রয়োগের প্রয়োজন নেই এবং আপনাকে আপনার নাসারন্ধ্রের ভিতরে অনেক দূর পর্যন্ত ঢোকাতে হবে না। সোয়াবটিকে আবারও কাগজের মূল প্যাকেজিং-এ ফিরিয়ে দেবেন না।





**15** একই সোয়াব ব্যবহার করে, সোয়াবের কাপড়ের ডগাটি অপর নাসারন্ধ্রের সামান্য ভিতরে প্রবেশ করান (যা আপনার নাকের প্রায় 1.5 সেমি গভীরে।)

সোয়্যাবটি আপনার নাসারন্ধ্রের ভিতরে চারপাশে কমপক্ষে **5 সেকেন্ড** ধরে বৃত্তাকারে **5 বার** আলতোভাবে মুছুন।


# অন্য কারো পরীক্ষা করা

**পরামর্শ**


12 বছরের কম বয়সী শিশুদের কোনো প্রাপ্তবয়স্ককে দিয়ে পরীক্ষা করানো উচিত। কোনো শিশুকে কীভাবে প্রস্তুত করতে ও পরীক্ষা করতে হয় সেই বিষয়ে নিচের নির্দেশনাবলী অনুসরণ করুন। আপনি gov.uk/covid19-self-test-help এ একটি প্রদর্শনী ভিডিও দেখতে পারেন।




**13** আপনি যদি কোনো শিশুর পরীক্ষা করেন, তাহলে তাকে পরীক্ষার কিটটি দেখান, এবং আপনি কী করতে চলেছেন সেই বিষয়ে আলোচনা করুন। সম্ভব হলে, তাকে কারও কোলে বসান অথবা কাউকে তার হাত ধরতে বলুন।




**14** সোয়াবের কাপড়ের ডগাটি তার নাসারন্ধ্রের সামান্য ভিতরে (1.5 সেমি পর্যন্ত) অথবা বাধা অনুভব না করা পর্যন্ত প্রবেশ করান। সোয়াবটি তার নাসারন্ধ্রের ভিতরে **5 সেকেন্ড** ধরে চারপাশে বৃত্তাকারে **5 বার** আলতোভাবে মুছুন। এটি ধীরে ধীরে বের করে নিন। কোনও বলপ্রয়োগের প্রয়োজন নেই এবং আপনাকে তার নাসারন্ধ্রের অনেক গভীরে চাপ দিয়ে ঢোকাতে হবে না। সোয়াবটিকে আবারও কাগজের মূল প্যাকেজিং-এ ফিরিয়ে দেবেন না।





**15** একই সোয়াব ব্যবহার করে, তার অপর নাসারন্ধ্রের সামান্য ভিতরে (1.5 সেমি পর্যন্ত) অথবা বাধা অনুভব না করা পর্যন্ত সোয়্যাবের কাপড়ের ডগাটি প্রবেশ করান।

সোয়্যাবটি কমপক্ষে **5 সেকেন্ড** ধরে তার নাসারন্ধ্রের ভিতরে চারপাশে বৃত্তাকারে **5 বার** আলতোভাবে মুছুন।

# 4. সোয়াবের নমুনা প্রক্রিয়া করুন

**টিপ**

সেরা কার্যসম্পাদনের জন্য, আপনার নমুনা সংগ্রহ করার পরে যত তাড়াতাড়ি সম্ভব সোয়াবটি পরীক্ষা করুন।




**16** এক্সট্র্যাকশন টিউবটি ওঠান এবং সোয়াবের কাপড়ের ডগাটি এক্সট্র্যাকশন টিউবের মধ্যে ঢোকান যাতে এটা তরলের মধ্যে থাকে


আপনার বুড়ো আঙুল ও অন্য আঙুলগুলি দিয়ে টিউবের তলায় চিমটি কেটে টিউবের বডির ভিতরের দেয়ালে সোয়াবের মাথাটি দৃঢ়ভাবে চাপুন।

চিমটি কাটার সময়ে, সোয়াবটি কমপক্ষে 10 সেকেন্ড ধরে ঘোরান।





**17** ন্যাসাল সোয়াবটি সামান্য ওপরে তুলুন, তারপরে সোয়াবটি "ব্রেকপয়েন্ট" অবস্থানে ভাঙ্গুন। সোয়াবের মাথাটি এক্সট্র্যাকশন টিউবে রেখে দিন।


সোয়াবের হ্যান্ডেলটি প্রদান করা প্লাস্টিকের আবর্জনার ব্যাগে রাখুন।



**18** ড্রপারের ক্যাপটি এক্সট্র্যাকশন টিউবের ওপরে শক্তভাবে লাগান।




19 সুনিশ্চিত করুন যে পরীক্ষার ক্যাসেটটি একটি পরিষ্কার ও সমতল পৃষ্ঠতলের ওপরে আছে। পরীক্ষা করার সময়ে ক্যাসেটটি নাড়াবেন না।




20 এক্সট্র্যাকশন টিউবটিকে আলতোভাবে চাপুন যাতে টেস্ট স্ট্রিপের নমুনা ওয়েল (S) এর ভিতরে 3 ফোঁটা তরল পড়ে।

নিশ্চিত হয়ে নিন যে আপনি তরলের ফোঁটা ফেলছেন, হাওয়ার বুদ্বুদ নয়।

এক্সট্র্যাকশন টিউবটিকে প্লাস্টিকের আবর্জনার ব্যাগে রাখুন।




21 একটি টাইমার শুরু করুন এবং ফলাফল পড়ার আগে 10 মিনিট অপেক্ষা করুন।

পরীক্ষাটি একবার চালু হয়ে গেলে সেটি আর নড়াবেন না। 10 মিনিট পরে ফলাফলটি ব্যাখ্যা করুন। 20 মিনিটের পরে ফলাফল পড়বেন না।

আপনার পরীক্ষার ফলাফল পড়ার আগে আপনাকে বিকাশের জন্য অবশ্যই পুরো 10 মিনিট অপেক্ষা করতে হবে।

# 5. আপনার ফলাফল পড়ুন


**গুরুত্বপূর্ণ**




আপনার ফলাফল পড়ার জন্য 10 মিনিট অপেক্ষা করুন।



পরীক্ষাটি বিকাশের জন্য **20 মিনিটের** বেশি রেখে দেবেন না। এটা পরীক্ষাকে অকার্যকর করে দেবে।





## পজিটিভ ফলাফল

দুটি রেখা দেখা যায়। একটি রঙীন রেখা কন্ট্রোল লাইন অঞ্চলে (C), থাকা উচিত এবং অন্য একটি রঙীন রেখা লাইন অঞ্চলে (T) থাকা উচিত

**C-এর পাশে একটি আর T-এর পাশে একটি, মোট দুইটি রেখা, এমনকি আবছা রেখাও দেখায় যে পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে।**


**গুরুত্বপূর্ণ**

আপনার পরীক্ষার ফল পজিটিভ হলে আপনার নিজেকে বিচ্ছিন্ন রাখা উচিত এবং আপনার পরিবারের উচিত নিজেকে বিচ্ছিন্ন রাখা সম্পর্কে সরকারি নির্দেশিকা মেনে চলা: **nhs.uk/conditions/coronavirus-covid-19/self-isolation-and-treatment/**




## নেগেটিভ ফলাফল

একটি রঙীন রেখা কন্ট্রোল লাইন অঞ্চলে (C) দেখা যায়। টেস্ট লাইন অঞ্চলে (T) কোনো রেখা দেখা যায় না।





## অকার্যকর ফলাফল

কন্ট্রোল লাইন (C) দেখা যায় না।

# 6. আপনার ফলাফল রিপোর্ট করুন

## আপনার পজিটিভ, নেগেটিভ বা অকার্যকর ফলগুলি আপনাকে **NHS** এর কাছে রিপোর্ট করা উচিত





সকল পরীক্ষার ফলাফল রেকর্ড করা হলে তা বিজ্ঞানীদের নতুন ভাইরাসের প্রাদুর্ভাব সনাক্ত করতে এবং কীভাবে প্রতিক্রিয়া দিতে হবে সেই পরামর্শ দিতে সাহায্য করে।

লোকজন যদি শুধু পজিটিভ ফলাফলই রিপোর্ট করে, তাহলে সংক্রমণের মাত্রা প্রকৃত অবস্থার চেয়ে বেশি দেখায়। তাই আপনার পরীক্ষার ফলাফল নেগেটিভ বা অকার্যকর হলেও, আপনি নিশ্চিত করবেন যে NHS তথ্য নির্ভুল আছে। আপনার ফলাফল রিপোর্ট করার জন্য আপনার QR কোড বা এর নিচের আইডি নম্বরটি প্রয়োজন।



অনলাইনে রিপোর্ট করুন (দ্রুততম)।
যদি আপনি ইংল্যান্ড, ওয়েলস বা উত্তর আয়ারল্যান্ডে বসবাস করেন, তাহলে দেখুন **gov.uk/report-covid19-result**

আপনি যদি স্কটল্যান্ডে বসবাস করেন, তাহলে দেখুন **covidtest.scot**




অথবা টেলিফোনের মাধ্যমে রিপোর্ট করুন।

আপনি যদি আপনার ফলাফল অনলাইনে রিপোর্ট করতে না পারেন, তাহলে **119** এ কল করুন (মোবাইল এবং ল্যান্ডলাইন থেকে বিনামূল্যে)।

লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে।

পণ্যের কোড: COVID19AGVCGS7 এর প্রতি নির্দেশ করে

# 7. আপনার পরীক্ষায় প্রাপ্ত ফলাফলের মানে কী

## আপনি আপনার ফলাফল রিপোর্ট করার পরেই আপনার পরীক্ষাটি সম্পূর্ণ হবে

### পজিটিভ ফলাফল

যদি আপনি একটি পজিটিভ ফলাফল পান, তাহলে সম্ভবত আপনি বর্তমানে COVID-19 এ সংক্রমিত আছেন এবং অন্যদের সংক্রমিত করার ঝুঁকি আছে। আপনার নিজেকে বিচ্ছিন্ন করা উচিত। আপনি যখন আপনার ফলাফল রিপোর্ট করবেন, তখন আপনাকে পরবর্তী পদক্ষেপগুলি সম্পর্কে আরও তথ্য প্রদান করা হবে।

**সতর্কীকরণ**

আপনার এবং আপনার সাথে বসবাস করেন এমন কারো উচিত বর্তমান জাতীয় এবং স্থানীয় নির্দেশনা মেনে চলা। এটি এখানে পাওয়া যাবে: nhs.uk/conditions/coronavirus-covid-19/self-isolation-and-treatment/

### নেগেটিভ ফলাফল

আপনি যদি একটি নেগেটিভ ফলাফল পান, তাহলে পরীক্ষাটি যে সময়ে করা হয়েছিল তখন আপনি সম্ভবত সংক্রামক ছিলেন না। তবে পরীক্ষার একটি নেগেটিভ ফলাফল **নিশ্চয়তা দেয় না যে আপনার COVID-19 নেই।**

আপনার পরীক্ষার ফল নেগেটিভ হলে, আপনাকে অবশ্যই জাতীয় ও স্থানীয় নিয়মাবলী ও নির্দেশনা অনুসরণ করা চালিয়ে যেতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত হলো নিয়মিত হাত ধোয়া, সামাজিক দূরত্ব বজায় রাখা এবং যেখানে প্রয়োজন সেখানে মুখ ঢাকার আবরণ পরা।

আপনার উপসর্গ দেখা দিলে নিজেকে আলাদা রাখা উচিত এবং এখানে বর্তমানে সুপারিশকৃত পরীক্ষাটি করানো উচিত: gov.uk/get-coronavirus-test বা 119 নম্বরে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে ফোন করে পাওয়া যায়। লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে।

আপনার এবং আপনার পরিবারের জাতীয় নির্দেশিকা অনুসরণ করা উচিত।

## অকার্যকর ফলাফল

আপনি যদি একটি অকার্যকর ফলাফল পান, তার মানে হলো পরীক্ষাটি সঠিকভাবে পরিচালনা করা হয়নি এবং এটা বলা সম্ভব নয় যে পরীক্ষাটি যখন করা হয়েছিল তখন আপনার ভাইরাসটি ছিল কিনা। আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব প্যাক থেকে আরেকটি পরীক্ষা ব্যবহার করতে হবে। প্রথম পরীক্ষাটি থেকে কোনো কিছু পুনরায় ব্যবহার করবেন না এবং ধাপ 1 থেকে পরীক্ষা পদ্ধতিটি শুরু করুন।

যদি সমস্যাটি অব্যাহত থাকে, তাহলে পরীক্ষার কিটটি ব্যবহার করা অবিলম্বে বন্ধ করুন। gov.uk/get-coronavirus-test এ গিয়ে, NHS COVID-19 অ্যাপের মাধ্যমে, বা **119** নম্বরে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে ফোন করে একটি নতুন পরীক্ষার কিটের প্যাক অর্ডার করুন। লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে।

## 8. পরীক্ষার কার্যসম্পাদন

যদি কারো করোনাভাইরাস (COVID-19) এর উচ্চ মাত্রা থাকে তাহলে পরীক্ষায় তার পজিটিভ ফলাফল পাওয়ার সম্ভাবনা বেশি। এর মানে হলো, যে সকল মানুষ বর্তমানে সংক্রামিত এবং যাদের অবিলম্বে নিজেকে আলাদা করা প্রয়োজন, তাদেরকে এটি খুব সম্ভবত সনাক্ত করবে।

## 9. আপনার পরীক্ষাটি নিরাপদে বাতিল করুন

আপনার পরীক্ষাটি একবার সম্পূর্ণ হওয়ার পরে, সমস্ত ব্যবহৃত উপাদান প্রদত্ত আবর্জনার ব্যাগে রাখুন এবং এটা আপনার সাধারণ ঘরোয়া আবর্জনায় রাখুন।

ফেলে দেওয়ার পরে আপনার হাত ভালোভাবে ধুয়ে নিন।

এই পুস্তিকাটির তথ্যাবলী (29 সেপ্টেম্বর 2021) পর্যন্ত সঠিক।
পণ্যের কোড: COVID19AGVCGS7
পণ্যের নাম: SureScreen SARS-CoV-2 অ্যান্টিজেন রেপিড টেস্ট ক্যাসেট (ন্যাসাল সোয়াব) (গোল্ড)

# আপনার পরীক্ষার ফলাফল লিখে রাখুন

এটা আপনার নিজের রেকর্ডের জন্য। আপনাকে এরপরেও আপনার ফলাফল NHS-এর কাছে রিপোর্ট করতে হবে (তথ্যের জন্য পৃষ্ঠা 15 দেখুন)। দেখুন: **gov.uk/report-covid19-result**

আপনি যদি স্কটল্যান্ডে বসবাস করেন, তাহলে দেখুন **covidtest.scot**

| কে পরীক্ষা করেছেন | তারিখ | সময় | পরীক্ষার ফলাফল |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

# আপনার কিটে নিম্নলিখিত উপকরণ রয়েছে

| আইটেম | 7-প্যাক |
|---|---|
| ব্যবহারের নির্দেশ (এই পুস্তিকা) | 1 |
| সীল করা পাউচে টেস্ট ক্যাসেট | 7 |
| তরলের স্যাশে (এক্সট্র্যাকশন বাফারের শিশি) | 7 |
| এক্সট্র্যাকশন টিউব | 7 |
| সোয়াব | 7 |
| প্লাস্টিকের আবর্জনার ব্যাগ | 7 |

# আরও তথ্যের সারসংক্ষেপ

| | |
|---|---|
| নিজের পরীক্ষা করতে অতিরিক্ত সহায়তা<br>বিকল্প ভাষার সংস্করণ ও ভিডিও প্রদর্শনীগুলি<br>কোনো শিশুকে প্রস্তুত করা ও পরীক্ষা করার জন্য নির্দেশনা | gov.uk/covid19-self-test-help |
| নিজেকে আলাদা রাখা এবং চিকিৎসার তথ্যের ওপরে নির্দেশনা | nhs.uk/conditions/coronavirus-covid-19/self-isolation-and-treatment/ |
| COVID-19 এর ওপরে NHS এর নির্দেশনা | nhs.uk/conditions/coronavirus-covid-19 |
| যদি আপনার COVID-19 এর উপসর্গ থাকে এবং আপনার অবস্থার অবনতি হয় অথবা আপনি সাত দিন পরেও ভাল না হন, তাহলে NHS 111 অনলাইন করোনাভাইরাস পরিষেবা ব্যবহার করুন: | 111.nhs.uk<br><br>**অথবা আপনার ইন্টারনেট অ্যাক্সেস না থাকলে NHS 111 এ কল করুন** |
| শিশুদের COVID-19 এর উপসর্গ | nhs.uk/conditions/coronavirus-COVID-19/symptoms/coronavirus-in-children |
| আপনি কোনো ডিভাইসের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে এখানে রিপোর্ট করুন: | coronavirus-yellowcard.mhra.gov.uk |
| একটি ফলাফল অনলাইনে রিপোর্ট করুন (ইংল্যান্ড, ওয়েলস বা উত্তর আয়ারল্যান্ড): | gov.uk/report-covid19-result |
| একটি ফলাফল অনলাইনে রিপোর্ট করুন (স্কটল্যান্ড): | covidtest.scot |
| একটি বর্তমানে সুপারিশকৃত পরীক্ষা অর্ডার করুন | gov.uk/get-coronavirus-test |
| কোনো কিছু ক্ষতিগ্রস্ত হয়েছে, ভেঙ্গে গেছে বা নিখোঁজ ভাষা সহায়তা (ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ সহ)<br>আপনার ফলাফল রিপোর্ট করুন (যদি আপনার ইন্টারনেট অ্যাক্সেস না থাকে) | **119 নম্বরে ফোন করুন** |

# নোটস:

পণ্যের কোড: COVID19AGVCGS7 এর প্রতি নির্দেশ করে

শুধুমাত্র NHS টেস্ট অ্যান্ড ট্রেস কর্মসূচির আওতায় স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবা বিভাগ (DHSC) এর বাস্তবায়নের অংশ হিসেবেই এই ডিভাইস সরবরাহের অনুমতি আছে।

SureScreen Diagnostics

**প্রস্তুতকারক:**
SureScreen Diagnostics
1 Prime Parkway, Prime Enterprise Park,
Derby, DE1 3QB, United Kingdom (ইউনাইটেড কিংডম)

সোয়্যাবের তথ্য:
Zhejiang Gongdong Medical Technology Co., Ltd.
ঠিকানা: No.10 Beiyuan Ave., Huangyan, 318020
Taizhou, Zhejiang, People's Republic of China (গণপ্রজাতন্ত্রী চীন)

CE 0123

অথবা
Jiangsu ChangFeng Medical Industry Co., LTD
ঠিকানা: Touqiao Town, Guangling District,
Yangzhou, 225109 Jiangsu P.R. China (গণপ্রজাতন্ত্রী চীন)

CE 0197

প্রতীক

| প্রতীক | অর্থ | প্রতীক | অর্থ |
|---|---|---|---|
| 2°C–30°C | 2 – 30°C তাপমাত্রায় মজুত করুন | STERILE EO | ইথিলিন অক্সাইড দিয়ে জীবাণুমুক্ত করা হয়েছে |
| LOT | লট নম্বর | ⧗ | মেয়াদ অতিক্রমের তারিখ |
| i | ব্যবহারের জন্য নির্দেশাবলী দেখুন | Σ 7 | 7 টি পরীক্ষার জন্য যথেষ্ট আছে |
| REF | ক্যাটালগ নম্বর | | |
| 🏭 | প্রস্তুতকারক | | প্যাকেজটি ক্ষতিগ্রস্ত হয়ে থাকলে, পণ্যটি ব্যবহার করবেন না |
| IVD | ইন ভিট্রো ডায়াগনস্টিক মেডিকেল ডিভাইস | ⚠ | সাধারণ নির্দেশনা ও সতর্কীকরণের জন্য 'পরীক্ষাটি করা সম্বন্ধে পরামর্শ' বিভাগটি দেখুন |
| ⊘ | পুনরায় ব্যবহার করবেন না | | |

সংস্করণ 5 কার্যকর হওয়ার তারিখ 29/09/2021
এই ব্যবহারের জন্য নির্দেশাবলী SARS-CoV-2 অ্যান্টিজেন রেপিড টেস্ট ক্যাসেট (ন্যাসাল সোয়াব) (গোল্ড) এর সাথে সম্পর্কিত, প্রস্তুতকারক: SureScreen Diagnostics এবং পণ্যের কোড: COVID19AGVCGS7।